# কুড়িগ্রাম পৌরসভা কার্যালয়,কুড়িগ্রাম

স্মারক নংঃ- ৪৬.০৩.৪৯৫২.১১১.৪৭.০৪৭.২৬-১১১৮ তারিখ ঃ ৩০/০৭/২০২৬ ইং

**দরপত্র আহবান বিজ্ঞপ্তি ঃ**

এতদ্বারা সর্বসাধারনের অবগতির জন্য জানানো যাইতেছে যে, অত্র পৌরসভার আওতাধীন নিম্ন বর্ণিত খঁড়ি/বাঁশ বিক্রয় হাটি ০১/০৯/২০২৬ ইং হতে ৩১/০৮/২০২৭ ইং পর্যন্ত ১(এক) বছর মেয়াদে ইজারা দেওয়ার নিমিত্তে প্রকৃত ইজারদার গনের নিকট হইতে নিম্নলিখিত শর্ত সাপেক্ষে দরপত্র আহবান করা যাইতেছে। দরপত্র জেলা প্রশাসকের মহোদয়ের কার্যালয়, কুড়িগ্রাম ও কুড়িগ্রাম পৌরসভার কর আদায় শাখা হতে অফিস চলাকালীন সময় নির্ধারিত মূল্যে (অফেরত যোগ্য) পাওয়া যাইবে। দরপত্র সংক্রান্ত যাবতীয় তথ্যাদি অফিস চলাকালীন সময়ে অফিস হইতে জানা যাইবে।

| ক্রমিক নং | খোঁয়াড়/ইজারা মহলের নাম | স্থান | দরপত্রের মূল্য | দরপত্র বিক্রয়ের শেষ তারিখ | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র বিক্রয়ের স্থান ও সময় | দরপত্র দাখিলের স্থান |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ৭ | খড়ি/বাঁশ বেচা-কেনা হাটি | কুড়িগ্রাম পৌরসভা | ৫০০/- (পাঁচশত)টাকা | ১ম বার ১৬/০৮/২৬<br>২য় বার ২৫/০৮/২৬<br>অফিস চলাকালীন সময় পর্যন্ত | ১ম বার ১৭/০৮/২০২৬<br>২য় বার ২৬/০৮/২৬<br>দরপত্র দাখিলের সময় বেলা ১.০০ (এক) ঘটিকা | জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম ও কুড়িগ্রাম পৌরসভা কার্যালয়, কুড়িগ্রাম। অফিস চলাকালীন সময় পর্যন্ত। | কুড়িগ্রাম পৌরসভা কার্যালয় কুড়িগ্রাম। খোলার সময় ঐ দিনই বেলা ৩.০০ ঘটিকা। |

**দরপত্রের শর্তাবলী ঃ**

১। দরপত্র ক্রয়ের জন্য যে কোন তফসীলি ব্যাংক হতে ০৪ নং কলামে উল্লেখিত মূল্যে প্রশাসক, কুড়িগ্রাম পৌরসভা বরাবর পে-অর্ডার ,বিডি করে দরপত্র ক্রয় করতে হবে এবং প্রতিটি ইজারা মহলের জন্য আলাদা আলাদা দরপত্র ক্রয় করিতে হইবে এবং সীল মোহর কৃত খামের উপর স্পষ্ট ভাবে ইজারা মহলের নাম লিখিতে হইবে।

২। দরপত্রের সহিত দরদাতা কর্তৃক দাখিলকৃত দরের উপর ১০০% ভাগ অর্থ কোন তফসীল ভুক্ত ব্যাংক হইতে বি.ডি/পে-অর্ডার/কল ডিপজিট আকারে প্রশাসক, কুড়িগ্রাম পৌরসভা, বরাবরে/অনুকূলে দাখিল করিতে হইবে।

৩। দরপত্রে নাম, পিতার নাম, ঠিকানা, ব্যাংক ড্রাফট নং দরের পরিমান ইত্যাদি স্পষ্ট অক্ষরে লিখিতে হইবে। কোন প্রকার ঘষা-মাজা/ফ্লুয়েট লাগানো আইনতঃ গ্রহন যোগ্য হইবে না।

৪। কুড়িগ্রাম পৌরসভাধীন শহরে খড়ি/বাঁশ হাটির বেচাকেনা কৃতকার্য ইজারদার পৌরসভার নির্ধারীত হারের উর্দ্ধে কোন টোল আদায় করিতে পারিবেন না। ইচ্ছানুযায়ী যে কোন জায়গায় খড়ি/বাঁশ হাটি বসাইয়া টোল আদায় করিতে পারিবেন না।

৫। দরপত্র দাতাগন খড়ি/বাঁশ বিক্রয় হাটির প্রতিটি যে পরিমান টাকায় ইজারা লইতে ইচ্ছুক তাহা দরপত্রের নির্দিষ্ট কলামে অংকে ও কথায় স্পষ্ট ভাবে উল্লেখ করিবেন। উদ্ধৃত দরের কোন আংশিক ব্যাংক ড্রাফট অথবা বিনা ব্যাংক ড্রাফটে কোন দরপত্র দাখিল করেন তাহা হইলে উহা বাতিল বলিয়া গন্য হইবে।

৬। ইজারা মুল্যের উপর ১০% ভাগ আয়কর ও ১৫% ভাগ মুল্য সংযোজন করের টাকার ব্যাংক ড্রাফট প্রশাসক কুড়িগ্রাম পৌরসভার অনুকূলে দরপত্রের সহিত গাঁথিয়া দিতে হইবে। ব্যর্থতায় তার দরপত্র বাতিল বলিয়া গন্য হইবে।

৭। প্রাপ্ত সর্বোচ্চ দর কর্তৃপক্ষের নিকট বিবেচিত না হইলে প্রাপ্ত সর্বোচ্চ দর বহাল রেখে পুনরায় দরপত্র আহবান করা হইবে। প্রাপ্ত দরপত্র সমুহের মধ্যে সর্বোচ্চ উদ্ধৃত দর সন্তোষজনক মনে হইলে টেন্ডার কমিটির সভায় অনুমোদন সাপেক্ষে তাহা গ্রহণের জন্য বিবেচনা করা হইবে। অকৃতকার্য্য দরপত্র দাতাগনের জমাকৃত ব্যাংক ড্রাফট ফেরত দেওয়া হইবে।

৮। অনুমোদিত দর দাতাকে ৩০০/০০(তিন শত) টাকা মূল্যের নন জুডিশিয়াল ষ্ট্যাম্পে চুক্তিপত্র সম্পাদন করিয়া ইজারা মহলের দখল বুঝিয়া লইতে হইবে।

৯। উপরোক্ত শর্ত সমুহের যে কোন একটির ব্যত্যয় ঘটিলে দরপত্র বাতিল বলিয়া গন্য হইবে এবং ইহাতে কোন প্রকার আপত্তি আইনতঃ গ্রহন যোগ্য হইবে না।

১০। দরপত্রের সহিত হাল সনের ট্রেড লাইসেন্স এর ছায়ালিপি প্রদান করতে হবে।

১১। পৌর কর্তৃপক্ষ, পৌর কর্মচারী কিংবা সরকারী কর্মকর্তা (বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসক মহোদয়ের কার্যালয়ের) যে কোন সময় ইজারা মহল পরিদর্শনের ক্ষমতা সংরক্ষণ করেন।

১২। পৌর কর্তৃপক্ষ যে কোন দরপত্র গ্রহণ কিংবা বাতিলের এবং প্রয়োজনে নতুন কোন শর্ত আরোপ করার ক্ষমতা সংরক্ষন করেন ।

স্বাঃ-

প্রধান নির্বাহী কর্মকর্তা
কুড়িগ্রাম পৌরসভা।

স্মারক নংঃ- ৪৬.০৩.৪৯৫২.১১১.৪৭.০৪৭.২৬-১১১৮ তারিখ ঃ ৩০/০৭/২০২৬ ইং

অনুলিপি সদয় অবগতি ও প্রচারার্থে প্রেরিত হইলঃ-(জৈষ্ঠ্যতার ভিত্তিতে নয়)

১। জেলা প্রশাসক, কুড়িগ্রাম
২। প্রশাসক, জেলা পরিষদ, কুড়িগ্রাম।
৩। পুলিশ সুপার, কুড়িগ্রাম।
৪। প্রশাসক, কুড়িগ্রাম পৌরসভা।
৫। উপজেলা নির্বাহী অফিসার, কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম।
৬। সহকারী কমিশনার (ভূমি), কুড়িগ্রাম।
৭। অফিসার ইনচার্জ, কুড়িগ্রাম থানা, কুড়িগ্রাম।
৮। প্রশাসকের কর্মসম্পাদনের সহায়তা কমিটির সদস্য (সকল), কুড়িগ্রাম পৌরসভা।
৯। নির্বাহী প্রকৌশলী, কুড়িগ্রাম পৌরসভা, কুড়িগ্রাম
১০। জনাব/জনাবা.......................................................................................।
১১। www.pourashava.kurigram.gov.bd এ পাওয়া যাবে।
১২। নোটিশ বোর্ড, কুড়িগ্রাম পৌরসভা।
১৩। অফিস নথি।

প্রধান নির্বাহী কর্মকর্তা
কুড়িগ্রাম পৌরসভা।